দৈনিক ইনকিলাব

46

তারিখ ... OCT. 12 1999 ..
পৃষ্ঠা ৩ কলাম ৬.....

## একই নিয়ম মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের জন্যও চালু করা হোক

বিশেষ বিজ্ঞপ্তি মারফত জানতে পারলাম যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ঢাকা বোর্ডের অধীনে এক বিষয়ে অকৃতকার্য ছাত্র/ছাত্রীদের পরবর্তী বছর ফেল করা বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হয়েছে। আরো জেনে খুশী হলাম যে, ফেল করা বিষয়টি পরবর্তী বছর পরীক্ষা দিয়ে পূর্ববর্তী বছরের পাস করা বিষয়সমূহের সঙ্গে নম্বর যোগ করে বিভাগসহ পাস দেয়া হবে। আমরা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার্থীগণ কি এ সুযোগ পাব? যেহেতু, ঢাকা বোর্ডের পরীক্ষার্থীদের জন্য এ সুযোগ-সুবিধার ব্যবস্থা রাখা হয়েছে। তাই আমরা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ সকল শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীর জন্য এ সুযোগ-সুবিধার ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর নিকট আকুল আবেদন জানাচ্ছি যে, এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের শুধু ফেল করা বি[illegible] ২০০০ [illegible] অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করার ও সকল বিষয়ের নম্বর যোগ করে বিভাগসহ পাস দেয়ার অচিরেই ঘোষণা দেয়া হোক।

—মোছাঃ নুরুন্নাহার,
দাখিল পরীক্ষার্থিনী,
মাখান, মোহনগঞ্জ,
নেত্রকোনা।